



তথ্যবিবরণী

নম্বর- ১৩৮

## রাজশাহীতে দুই দিনব্যাপী তথ্যমেলা শুরু

রাজশাহী; ৩ পৌষ (১৮ ডিসেম্বর):

‘তথ্যই শক্তি, জানবো-জানাবো, দুর্নীতি রুখবো’- এ শ্লোগানকে সামনে রেখে রাজশাহীতে শুরু হয়েছে দুই দিনব্যাপী তথ্য মেলা। জেলা প্রশাসন ও সচেতন নাগরিক কমিটি (সনাক) এর যৌথ আয়োজনে আজ বুধবার (১৮ ডিসেম্বর) রাজশাহী কলেজ মাঠে এ মেলার উদ্বোধন করা হয়।

মেলার উদ্বোধন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন রাজশাহী সনাকের সভাপতি প্রফেসর ড. সিদ্ধার্থ শঙ্কর তালুকদার। অতিথি ছিলেন আরএমপি’র পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, রাজশাহী কলেজের অধ্যক্ষ প্রফেসর মুঃ যছর আলী প্রমুখ।

পুলিশ কমিশনার তার বক্তব্যে বলেন, অবাধ তথ্য প্রবাহ সমাজ ও রাষ্ট্রে দুর্নীতি প্রতিরোধে সহায়ক ভূমিকা পালন করে। তথ্য অধিকার আইন নাগরিকদেরকে কোনো প্রকার ভোগান্তি ছাড়াই সরকারি প্রতিষ্ঠান থেকে প্রয়োজনীয় তথ্য প্রাপ্তিতে সহায়তা করছে। এতে সরকারি প্রতিষ্ঠানের কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়।

পুলিশ কমিশনার আরও বলেন, প্রতিটি সরকারি প্রতিষ্ঠানে একজন তথ্য প্রদানকারী কর্মকর্তা রয়েছেন যিনি প্রয়োজ্য ক্ষেত্রে আবেদনের প্রেক্ষিতে নির্ধারিত ফি গ্রহণপূর্বক নাগরিকদেরকে চাহিত তথ্য প্রদান করেন। রাষ্ট্রীয় নিরাপত্তার স্বার্থে কিছু প্রতিষ্ঠানের তথ্য প্রদানে প্রতিবন্ধকতা থাকলেও অন্যান্য প্রতিষ্ঠানগুলো থেকে নাগরিকরা তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য পেয়ে থাকেন। এসময় তথ্য অধিকার আইনের যথাযথ প্রয়োগের মাধ্যমে দেশে সুশাসন নিশ্চিত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

মেলায় অংশগ্রহণকারী প্রায় অর্ধশত সরকারি-বেসরকারি দপ্তর তাদের প্রতিষ্ঠানের সেবা বিষয়ে নাগরিকদের অবহিত করেন। প্রতিদিন বিকাল তিনটা থেকে রাত আটটা পর্যন্ত মেলার সকল স্টল দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকবে।

মেলায় বিপুলসংখ্যক দর্শনার্থী উপস্থিত ছিল।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/কনক/হালিম/২০২৪/১৮:২০ ঘ.